# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৩৮তম (২০২৩-২০২৪ অর্থ বছরের ২য়) সভার কার্যবিবরণী।**

১১ অক্টোবর, ২০২৩খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল)(অতি: দায়িত্ব) এবং ইনোভেশন অফিসার জনাব কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২. | জনাব এ বি এম ফেরদৌস | বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩. | প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪. | জনাব মোঃ মেফতাউল ইসলাম | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫. | জনাব কাজী আশরাফুল ইসলাম | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬. | প্রকৌ: মোঃ ইদি আমিন সরকার | অতিরিক্ত প্রধান প্রকৌশলী(যান্ত্রিক), প্রকল্প বাস্তবায়ন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভা শুরু করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিবকে অনুরোধ করেন। সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ বিগত ১০ আগস্ট, ২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ৩৭**তম** (২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম) সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য অনুরোধ করেন। কোন সংশোধনী না থাকায় সভাপতি মহোদয় কার্যবিবরণী অনুমোদন করেন।

৩.০ সভায় এ পর্যায়ে সদস্য সচিব বিগত সভার বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্যাদি সভাকে নিম্নোক্তভাবে অবহিত করেনঃ

**আলোচনা:**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৪.১ | সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত। |
| ৪.২ | স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি ব্যবহারের জন্য ন্যাশনাল টিউবস এর প্রতিনিধিরা বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ পরিদর্শন করেছেন। ন্যাশনাল টিউবস এবং বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ (বিআইসেএফ) এর প্রতিনিধিরা একটি প্রতিবেদন দাখিল করবেন।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | প্রতিবেদন দাখিল করেছে। |
| ৪.৩ | সকল কারখানা/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | কার্যক্রম চলমান রয়েছে। |
| ৪.৪ | ৪.৪) কারখানাসমূহকে ডি-নথি ব্যবহার করে ফাইলগুলো প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়াও, প্রধান কার্যালয় এবং কারখানাসমূহকে হার্ডফাইলে নিষ্পত্তিকৃত ফাইল পরবর্তীতে স্ক্যান করে ডি-নথিতে নিষ্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | কার্যক্রম চলমান রয়েছে। |
| ৪.৫ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতাধীন ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখার আওতাধীন ইতঃপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও ডাটাবেজের সেবাসমূহ অব্যাহত রাখার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো। উক্ত | কমিটি প্রতিবেদন দাখিল করেছে। |

| ক্রমিক নং | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| | কমিটি আগামী ১০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।<br>বাস্তবায়নে: ১. প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক<br>২. জনাব মোঃ মেফতাউল ইসলাম, মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য<br>৩. জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য<br>৪. জনাব এ এম রেফাত উল্যাহ, অপারেশন অফিসার, আইসিটি বিভাগ, সদস্য। | |
| ৪.৬ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতাধীন সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে সেবা/ অফিস ব্যবস্থাপনা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের আলোকে PMIS সেবা ডিসেম্বর'২৩ হতে পাইলটিং কার্যক্রম শুরু করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | কার্যক্রম চলমান। PMIS সেবার পাইলটিং কার্যক্রম জানুয়ারি ২০২৪ থেকে শুরু করার চেষ্টা অব্যাহত আছে। |
| ৪.৭ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতাধীন ইনোভেশন শোকেজিং এর আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজিত এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ এপ্রিল'২০২৪ এর মধ্যে করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | চালুকারখানা/প্রতিষ্ঠান থেকে ১১টি উদ্ভাবনী প্রস্তাবনা পাওয়া গেছে। প্রস্তাবনাগুলো যাচাই বাছাই ও ইনোভেশন শোকেসিং এর জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। মার্চ'২০২৪ খ্রি. এর মধ্যে ইনোভেশন পুরুস্কার প্রদান ও শোকেসিং করতে হবে। |
| ৪.৮ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর আওতাধীন সার্বিক তত্তাবধায়নের জন্য কমপক্ষে ৬টি সভা আহবানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | ১১/১০/২০২৩ তারিখে ২য় সভা অনুষ্ঠিত হচ্ছে। |
| ৪.৯ | "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন" শিরোনামের উপর আগামী ০৩ সেপ্টেম্বরের, ২০২৩ তারিখে অথবা সুবিধাজনক সময়ে ডঃ মোঃ আব্দুল মান্নান, পিএএ, প্রাক্তন নির্বাহী পরিচালককে প্রধান বক্তা করে একদিনের কর্মশালার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | গত ০৩/০৯/২০২৩ খ্রি. ১টি কর্মশালা করা হয়েছে। অপরটি আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী'২০২৩ খ্রি. এর মধ্যে করতে হবে। |
| ৪.১০ | স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য কারখানার ব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন কমিটির সদস্যদের সমন্বয়ে একটি জুম সভা আগামী সেপ্টেম্বরের, ২০২৩ এর ১ম সপ্তাহের মধ্যে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | গত ০৩/০৯/২০২৩ খ্রি. কর্মশালায় ১৪ টি গ্রুপ থেকে প্রস্তাবনা পাওয়া যায়। উক্ত প্রস্তাবনা ও মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের ভিত্তিতে একটি কর্মপরিকল্পনা তৈরীর জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। জানুয়ারী'২০২৪ খ্রি. এর মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রস্তুত করতে হবে। |

৩.১ গত সভার সিদ্ধান্ত ৪.২ এর বিষয়ে ইনোভেশন কমিটি'র সদস্য-সচিব জানান যে, বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ (বিআইএসএফ) প্রতিবেদন দাখিল করেছে। তারা জানিয়েছে স্বয়ংক্রিয়ভাবে পাইপের হিট ট্রিটমেন্ট প্রযুক্তিটি বিআইএসএফ এর উৎপাদন প্রক্রিয়ায় প্রয়োগের সুযোগ নেই।

৩.২ গত সভার সিদ্ধান্ত ৪.৩ এর বিষয়ে সদস্য-সচিব জানান যে, কারখানাসমূহের ওয়েবসাইট হালনাগাদ আছে। উহা বাস্তবায়িত ধরা যায়। সভাপতি মহোদয় বলেন বাস্তবায়িত না বলে চলমান রয়েছে বলার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.৩ গত সভার সিদ্ধান্ত ৪.৪ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, কারখানাসমূহকে ডি-নথি ব্যবহার করে ফাইলগুলো প্রধান কার্যালয়ে প্রেরণ করার কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি মহোদয় বলেন তারা আসলে ডি-নথি ব্যবহার করে ফাইলগুলো পাঠায় না। যমুনা সার কারখানা এবং শাহজালাল সার কারখানা শুধুমাত্র রেজুলেশন ডি-নথিতে পাঠায়। সভায় জানানো হয় যে, ডিএপি সার কারখানা এবং আশুগঞ্জ সারকারখানা থেকে ডি-নথিতে পাঠানো হয়। সভাপতি মহোদয় কারখানাসমূহের ডি-নথির অর্জন বিষয়ক তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের নিমিত্ত কারখানাসমূহকে তথ্য দেয়ার জন্য পরামর্শ প্রদান করেন।

৩.৪ গত সভার সিদ্ধান্ত ৪.৫ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, কমিটি প্রতিবেদন দাখিল করেছে। ইনোভেশন পুরস্কার দেয়া হয়েছে এর মধ্যে কোনগুলো চালু আছে সেগুলোকে ওয়েবসাইটে দেয়ার জন্য নির্দেশনা আছে। সে মোতাবেক প্রতিবেদন জমা দেয়া হয়েছে। প্রতিবেদনে ইতঃপূর্বে বাস্তবায়িত ২৩টি ধারণা থেকে নিম্নোক্ত ৭টি ধারণার ডাটাবেজ হালানাগাদ করে ওয়েবসাইটে আপলোডের নিমিত্ত বাছাই করা হয়েছে:

১। টিএসপিসিএল এর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন।
২। টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু করা।
৩। বিসিআইসি'র সকল কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা।
৪। এসএফসিএল এর ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্টে Crusher Feed Hopper (T- 662) হতে ০১ (এক) টি Overflow Line স্থাপন।
৫। জেএফসিএল এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।
৬। এসএফসিএল এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।
৭। টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেট গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।

টিএসপিসিএল এর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন এবং টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু থাকা বিষয়ে সার্বিক দিক (সময় উপযোগিতা, অত্যাধুনিকতা, Cost Effectiveness/Saving, Value add, Time saving) সরেজমিনে কমিটি কর্তৃক যথাযথভাবে অবহিত ও পর্যবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করার সভায় অনুমোদন দেয়া হয়।

সদস্য সচিব জানান যে, উল্লিখিত ৭টি চালু আছে অনুমোদন দিলে ওয়েবসাইটে দেয়া হবে। ৪টি হলে পূর্ণাঙ্গ মার্ক পাওয়া যায় বলে তিনি জানান। পরিচালক(উৎপাদন ও গবেষণা) ৭টি ধারণাকে ওয়েবসাইটে দেয়ার জন্য পরামর্শ প্রদান করেন।

৩.৫ গত সভার সিদ্ধান্ত ৪.৬ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, জানুয়ারি ২০২৪ থেকে PMIS সেবার পাইলটিং করার জন্য কার্যক্রম চলমান রয়েছে।

৩.৬ গত সভার সিদ্ধান্ত ৪.৭ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, ইনোভেশন প্রস্তাবনা আহবান করা হয়েছে ২০২৩ আগস্টের মধ্যে দেয়ার জন্য। চালু কারখানা এবং প্রতিষ্ঠানের মধ্যে ডিএপি ছাড়া সবাই ইনোভেশন প্রস্তাবনা পাঠিয়েছে। মোট ১১টি প্রস্তাবনা পাঠিয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা হচ্ছে অবিলম্বে শোকেসিং এর আয়োজন করতে হবে। বিসিআইসি এবং কারখানাসহ যারা ইনোভেশন পুরস্কার পেয়েছে শোকেসিং এর আয়োজন করতে হবে। পরিচালক(উৎপাদন ও গবেষণা) বলেন কারখানাগুলোতে গত বছরে শোকেজিং করা হয় নাই। সদস্য সচিব জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে শোকজিং এর ব্যাপারে মন্ত্রিপরিষদ বিভাগের কোন সুপারিশ ছিল না এবং ফরমেটও উল্লেখ ছিল না। সভাপতি মহোদয় বলেন শোকেজিং বিসিআইসি এবং কারখানাতেও করতে হবে। ৭টি শোকেজিং বিসিআইসি এবং যে কোন একটি কারখানাতে করা যেতে পারে। সদস্য সচিব বলেন ১১টি উদ্ভাবনী ২০২৩-২৪ অর্থ বছরে পরিদর্শন এবং গ্রেডিং করার জন্য কমিটি গঠন করা যেতে পারে। পরিচালক (উৎপাদন ও গবেষণা) বলেন নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:

১। প্রধান প্রকৌশলী বা তার প্রতিনিধি
২। মহাব্যবস্থাপক (পিআইডি) বা তার প্রতিনিধি
৩। মহাব্যবস্থাপক(পরিকল্পনা) বা তার প্রতিনিধি
৪। মহাব্যবস্থাপক(আরপিডি) বা তার প্রতিনিধি

৩.৭ গত সভার সিদ্ধান্ত ৪.১০ এর বিষয়ে সদস্য সচিব জানান যে, গত ০৩/০৯/২০২৩ খ্রি. কর্মশালায় ১৪ টি গ্রুপ থেকে প্রস্তাবনা পাওয়া যায়। উক্ত প্রস্তাবনা ও মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের ভিত্তিতে একটি কর্মপরিকল্পনা তৈরীর জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। পরিচালক (উৎপাদন ও গবেষণা) বলেন নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:

১। প্রধান প্রকৌশলী বা তার প্রতিনিধি
২। মহাব্যবস্থাপক (পিআইডি) বা তার প্রতিনিধি
৩। মহাব্যবস্থাপক(পরিকল্পনা) বা তার প্রতিনিধি
৪। মহাব্যবস্থাপক(আরপিডি) বা তার প্রতিনিধি
৪। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি।

৪. **সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৪.১ সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.২ সকল কারখানা/প্রতিষ্ঠানের ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৩ কারখানাসমূহের ডি-নথির অর্জন বিষয়ক তথ্য পরবর্তী সমন্বয় সভা হতে নিয়মিতভাবে সভায় উপস্থাপনের নিমিত্ত কারখানাসমূহকে তথ্য দেয়ার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৪ নিম্নোক্ত ৭টি ধারণাকে ডাটাবেজ হালানাগাদ করে ওয়েবসাইটে ১৫/১১/২০২৩ইং এর মধ্যে আপলোডের নিমিত্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

১। টিএসপিসিএল এর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন।
২। টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু করা।
৩। বিসিআইসি'র সকল কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা।
৪। এসএফসিএল এর ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্টে Crusher Feed Hopper (T- 662) হতে ০১ (এক) টি Overflow Line স্থাপন।
৫। জেএফসিএল এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।
৬। এসএফসিএল এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।
৭। টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেট গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৫ টিএসপিসিএল এর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন এবং টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু থাকা বিষয়ে সার্বিক দিক (সময় উপযোগিতা, অত্যাধুনিকতা, Cost Effectiveness/Saving, Value add, Time saving) সরেজমিনে কমিটি কর্তৃক পর্যবেক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৬ ৭টি ধারণার শোকেজিং বিসিআইসি এবং টিএসপিসিএল সার কারখানাতে করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৭ ক্রিটিক্যাল সব ইকুইপমেন্টের এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান থাকার কথা। এ বিষয়টি প্রধান প্রকৌশলী, বিসিআইসি, মহাব্যবস্থাপক (আরপিডি) নিশ্চিত করবেন।
বাস্তবায়নে: ১. প্রধান প্রকৌশলী(এমটিএস), বিসিআইসি।
২. মহাব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি।

৪.৮ সকল কারখানাগুলোতে ইনোভেশন শোকেজিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেকটির ৮-১০টি কপি করে কারখানার বিভিন্ন জায়গায় এবং বিশেষকরে কারখানাগুলোর কন্টোল রুমে, মেইন গেইটে, হাইজিং গেটে, ইঞ্জিনিয়ারিং ডিউটি গেইট, officers/ employees club এ থাকবে। Innovation কমিটির সকল সদস্যই কারখানা visit এর সময় এ বিষয়টি লক্ষ্য রাখবেন। বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৯ ২০২৩-২৪ অর্থ বছরের ১১টি উদ্ভাবনী ধারণা পরিদর্শন এবং গ্রেডিং করার জন্য কমিটি গঠন করা যেতে পারে। পরিচালক (উৎপাদন ও গবেষণা) বলেন নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:

১। প্রধান প্রকৌশলী বা তার প্রতিনিধি
২। মহাব্যবস্থাপক (পিআইডি) বা তার প্রতিনিধি
৩। মহাব্যবস্থাপক(পরিকল্পনা) বা তার প্রতিনিধি
৪। মহাব্যবস্থাপক(আরপিডি) বা তার প্রতিনিধি

কমিটি ১৫/১১/২০২৩ইং তারিখের মধ্যে প্রতিবেদন জমা দিবেন।

বাস্তবায়নে: ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.১০ গত ০৩/০৯/২০২৩ খ্রি. কর্মশালায় ১৪ টি গ্রুপ থেকে প্রস্তাবনা ও মন্ত্রণালয়ের গৃহীত কার্যক্রমের ভিত্তিতে একটি কর্মপরিকল্পনা তৈরীর জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা যেতে পারে:

১। প্রধান প্রকৌশলী বা তার প্রতিনিধি
২। মহাব্যবস্থাপক (পিআইডি) বা তার প্রতিনিধি
৩। মহাব্যবস্থাপক(পরিকল্পনা) বা তার প্রতিনিধি
৪। মহাব্যবস্থাপক(আরপিডি) বা তার প্রতিনিধি
৪। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি।

কমিটি ১৫/১১/২০২৩ইং তারিখের মধ্যে প্রতিবেদন জমা দিবেন।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১০/২০২৩

(কাজী মোহাম্মদ সাইফুল ইসলাম)
পরিচালক (কারিগরি ও প্রকৌশল) (অতিঃ দায়িত্ব)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।